

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮৫০

জিরানীয়া, ১ আগস্ট, ২০২৪

মান্দাই এডিসি ভিলেজে প্রশাসনিক শিবির

জিরানীয়া মহকুমা প্রশাসনের উদ্যোগে গত ৩০ জুলাই মান্দাই এডিসি ভিলেজে এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। ভিলেজের রশিরাম একাডেমিতে এই শিবিরের আয়োজন করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না দেববর্মা, মহকুমা শাসক শান্তিরঞ্জন চাকমা ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৪৯০টি পিআরটিসি, ৩৫৭টি এসটি, ১১৫টি ইনকাম, ৩৮টি ম্যারেজ ও ১০টি বার্থ সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। তাছাড়াও শিবিরে স্বাস্থ্য দপ্তর থেকে ৭০ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ওষুধ দেওয়া হয়।

\*\*\*\*\*